

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম/আই এর নিয়ন্ত্রণ, ঢাকা।			
জারি নং: ১৪২২	তারিখ: ২০১৭.৭.৬	প্রকৌশলীর স্বাক্ষর	
অ.সং.	স.প্র.	উ.বিঃ	নি.সং.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রধান প্রকৌশলীর কার্যালয়  
 গণপূর্ত অধিদপ্তর  
 হিসাব শাখা-১  
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১১৭.২১.৭২৬

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০

২৬ জুন ২০২৩

বিষয়: বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটলাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ২০২২-২০২৩ আর্থিক সালে ঢাকা কেন্দ্রের কাজের জন্য ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটলাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকার স্মারক নং-১৫.৫৪.০০০০.০২৩.১৪.৩০৩.২০-৩৩৮ তারিখ-১৪-০৬-২০২৩ খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩-আর্থিক সালে খরচ করার জন্য =২৫.০০ লক্ষ (পঁচিশ লক্ষ) টাকা নিম্নবর্ণিতহারাে বরাদ্দ করা হলোঃ

ক্রমিক	প্রাক্কলিত কাজের বিবরণ	কোড নাম্বার	বরাদ্দ
১।	প্রকল্পের আওতায় বিটিভি ঢাকা কেন্দ্রের নিউজ স্টুডি, নিউজ Production Control Room (PCR) ও Control Aparatus Room (CAR) এর মেরামত ও সংরক্ষণ কাজ।	৪১১১২০১ (অনাবাসিক ভবন)	২৫.০০ লক্ষ
সর্বমোট =			২৫.০০ লক্ষ

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট সরাসরি ন্যাস্তকৃত =২৫.০০ লক্ষ (পঁচিশ লক্ষ) টাকা হিসাবের কোড নং-২২৪২৩৫৭০০১১৯১১৫-৪১১১২০১-অনাবাসিক ভবন খাতের বাংলাদেশ টেলিভিশনের ২০২২-২০২৩ আর্থিক সালের উন্নয়ন বাজেট বরাদ্দ হতে ব্যয় সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে। শর্ত সমূহঃ

- (১) কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অঙ্গের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না।
- (২) এই বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাতিত হলে বিল পরিশোধকারি দায়ী থাকবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যাশী সংস্থার নিকট দাখিল করতে হবে।
- (৪) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে।
- (৫) সূত্রস্থ প্রকল্প পরিচালকের পত্রে বর্ণিত শর্তাদি পালন করতে হবে।
- (৬) কাজ সমাপ্তির পর প্রত্যাশী সংস্থা হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।